

৯ ছাত্র সাংবাদিকের ঔদ্ধত্যপূর্ণ আচরণ রাঃ বিঃ ক্যাম্পাস অশান্ত করার চেষ্টা

রাঃ বিঃ রিপোর্টার : চরম ঔদ্ধত্যপূর্ণ আচরণের অভিযোগ উঠেছে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৯ ছাত্র সাংবাদিকের বিরুদ্ধে। বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মকে বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন করে ক্যাম্পাসে মিছিল, সমাবেশ ও উচ্চনিম্নলক বক্তব্যের মাধ্যমে শান্তি-শৃংখলা বিনষ্টের চেষ্টার অভিযোগে এই ছাত্র সাংবাদিকদের বিরুদ্ধে শোকজ নোটিশ দেয়া হয়। এই নোটিশ দেয়ার ৪৮ ঘণ্টার মধ্যে প্রতিক্রিয়া নিঃশর্ত ক্রমা প্রার্থনার দাবী জানিয়েছে অভিযুক্তরা। গত ৩১ জুলাই সরকার বিরোধী শক্তি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রিপোর্টার্স ইউনিটির ব্যানারে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়ম-কানুন লংঘন করে ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করে। সমাবেশে তারা চরম উচ্চনিম্নলক বক্তব্য প্রদানের মাধ্যমে ক্যাম্পাসের শান্তি-শৃংখলা বিনষ্টের অপচেষ্টা চালায়। একাডেমিক ভবন এলাকায় উচ্চ শব্দে মাইক ব্যবহার করে পড়াশুনোতেও বিঘ্ন ঘটায়। এ প্রেক্ষিতে প্রক্টর কর্তৃক বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)-এর রিপোর্টার নূর আনোয়ার হোসেন রনজুসহ ৯ সাংবাদিকের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী শোকজ নোটিশ জারি করা হয়। নোটিশে বলা হয়, যথাযথ কর্তৃপক্ষের অনুমতি

ব্যতিরেকে সভা সমাবেশ করে উচ্চনিম্নলক বক্তব্য প্রদানের মাধ্যমে নিয়ম লংঘন, আইন-শৃংখলা পরিপন্থী এবং অপরাধমূলক কাজ করা হয়েছে। রিপোর্টার্স ইউনিটির পক্ষ থেকে এই শোকজের জবাব না নিয়ে উল্টো তারা ভিসিকে এক স্মারকলিপি দেয়। এতে তারা ৪৮ ঘণ্টার মধ্যে শোকজ প্রত্যাহার ও প্রক্টর প্রফেসর নূরুল আবসারকে নিঃশর্ত ক্রমা প্রার্থনার দাবী জানায়। সকল মহলে তাদের এই দাবীকে চরম ঔদ্ধত্যপূর্ণ আচরণ হিসাবে আখ্যায়িত করে বলা হচ্ছে, সাংবাদিকরা আইনের উর্ধ্বে নয়। উপরন্তু তারা বিশ্ববিদ্যালয়ের ছাত্র। তাই তাদেরকে বিশ্ববিদ্যালয়ের সকল আইন-কানুন মেনে চলা উচিত।

উল্লেখ্য, সরকার বিরোধী শক্তি ক্যাম্পাসে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মত একটি পরিস্থিতি সৃষ্টির অপচেষ্টা চালাচ্ছে। বিশ্ববিদ্যালয় প্রশাসন ও প্রক্টরিয়াল বডি ক্যাম্পাসে স্বরণকালের শান্তিপূর্ণ পরিবেশ নিশ্চিত করেছেন। তাদের এই প্রচেষ্টাকে দুর্বল করার জন্য স্বার্থান্বেষী একটি মহল অপচেষ্টা চালাচ্ছে। এদিকে বাকশালী এই ৯ ছাত্র সাংবাদিককে বক্ষার জন্য ছাত্রদলসহ বিশ্ববিদ্যালয় প্রশাসনের একটি অংশ বিভিন্ন রকম ফন্দি-ফিকির এঁটে চলেছে।